



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাণিসম্পদ অধিদপ্তর  
মানব সম্পদ উন্নয়ন শাখা

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.৪২০

তারিখ: ৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
২৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: France হতে ১ (এক) দিন বয়সী Sasso Broiler Parent Stock জাতের ১২, ৮৪৮ টি মুরগির বাচ্চা আমদানির অনুমতি প্রসঙ্গে।**

সূত্র: আবিব পোল্ট্রি হ্যাচারী এন্ড প্রসেস লিমিটেড এর ০৬/০৩/২০২৩ ইং তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে France হতে ১ (এক) দিন বয়সী Sasso Broiler Parent Stock জাতের ১২,৮৪৮টি (বারো হাজার আটশত আটচল্লিশ) টি প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা নিম্নবর্ণিত শর্তে আগামী ২১/০৬/২০২৩ ইং তারিখের মধ্যে আমদানির অনুমতি প্রদান করা হলো।

#### শর্ত সমূহঃ

অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।

বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে নূন্যতম ৩(তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।

বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩(তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাদীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাত্তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।

অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক/গ্র্যান্ড প্যারেন্ট ষ্টক বিমান যোগে আমদানি করতে হবে।

বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

রপ্তানিকারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানির অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।

সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।

মুরগির বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।

২৩-০৩-২০২৩  
ডাঃ পল্লব কুমার দত্ত  
উপপরিচালক

ব্যবস্থাপনা পরিচালক, আবিব পোল্ট্রি হ্যাচারী এন্ড প্রসেস লিমিটেড (খামার: মাগুরজোড়া, হরিরামপুর, ত্রিশাল, ময়মনসিংহ)।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০২.১৭.৪২০/১ (৭)

তারিখ: ৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
২৩ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ।;
- ২। কমিশনার, কান্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।;
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিয়মিত স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো)।;
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ, (হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।;
- ৫। অফিসার ইনচার্জ, আইসিটি সেকশন, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা। মোবাইল-০১৯৭০৫০৬৮২৪ এবং
- ৭। অফিস কপি, -।



২৩-০৩-২০২৩  
ডাঃ পল্লব কুমার দত্ত  
উপপরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) Abir Poultry Hatchery & Process Ltd 12848\_20230321\_0001